গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) ইউনিট
www.rdcd.gov.bd

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্ল্যাটফর্ম- এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত কারিগরি ও ToR রিপোর্ট রিসিভ কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	মো: মোখলেছুর রহমান. এনডিসি অতিরিক্ত সচিব
সভার তারিখ	২৩.১০.২০২৪ খ্রিঃ
সভার সময়	দুপুর ০২.৩০ ঘটিকা
স্থান	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মেলন কক্ষ
উপস্থিতি	সভায় উপস্থিত কর্মকর্তগণের তালিকা (পরিশিষ্ট-ক) সদয় দ্রষ্টব্য।

বিবেচ্য সংযুক্তি: পরিশিষ্ট-ক, সদয় দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি এ বিভাগের সিস্টেম এনালিস্টকে সভার বিষয়বস্তু উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

২. সভাপতির অনুমতিক্রমে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্ল্যাটফর্ম- এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত কারিগরি ও ToR রিপোর্ট রিসিভ কমিটির সদস্য সচিব ও সিস্টেম এনালিস্ট প্রকৌঃ মোঃ মোনায়েম উদ্দিন চৌধুরী ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্ল্যাটফর্মের সংস্থাভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন।

৩. সভার আলোচনা:

ক) **সমবায় অধিদপ্তর:** সিস্টেম এনালিস্ট,পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ জানান, সমবায় অধিদপ্তরে ৩৮ টি মডিউলে ২৪৪ টি ফিচার আছে তন্মধ্যে ১৩০ টি ফিচার তৈরি হয়েছে ও ৭১ টি ফিচারের পাইলটিং সম্পন্ন হয়েছে। সমবায় অধিদপ্তরের ৫৪৮ টি অফিসে (বিভাগ, জেলা এবং উপজেলা) ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্ল্যাটফর্ম- এর কার্যক্রম শুরু হয়েছে। সমবায় অধিদপ্তরের কারিগরি কমিটির সভাপতি জনাব মোঃ মিজানুর রহমান, যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা জানান যে, গত ১ জুলাই, ২০২৪ হতে সমবায় সমিতি নিবন্ধন কার্যক্রম সম্পূর্ণরূপে অনলাইন প্ল্যাটফর্মে সম্পন্ন হচ্ছে। তিনি আরো জানান, ইতোমধ্যে ৩২৫ টি সমবায় সমিতির রেজিস্ট্রেশন কার্যক্রম অনলাইনে সম্পন্ন হয়েছে। ইতঃপূর্বে ৯৩৫৩৫ টি নিবন্ধিত সমবায় সমিতির বেসিক ডাটা সিস্টেমে এন্ট্রি সম্পন্ন হয়েছে। ৩ লক্ষ সদস্যদের ডাটা এন্ট্রি সম্পন্ন হয়েছে। এ বিভাগের সিস্টেম এনালিস্ট জানান, ইন্টিগ্রটেড সিস্টেমের বাস্তবায়ন অগ্রগতি পর্যবেক্ষণের নিমিত্ত পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের কারিগরি কমিটি কর্তৃক খুলনা, রাজশাহী এবং সিলেট বিভাগ পরিদর্শন করা হয়েছে। তিনি আরো জানান, মাঠ পর্যায়ের অফিসে ToT প্রশিক্ষণ না হওয়ায় কাজের গতি কিছুটা মন্থর। এছাড়া, ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্ল্যাটফর্মের কারিগরি সমস্যা সমাধানের নিমিত্ত একটি ফেইস বুক গ্রুপ তৈরি করা হয়েছে যেখানে বিভিন্ন কারিগরি সমস্যার সমাধান দেয়া হয়। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের যুগ্মসচিব জনাব আ.স.ম হাসান আল আমিন জানান যে , তাঁর নেতৃত্বে কারিগরি কমিটির একটি টিম গত ১৩-১৫ অক্টোবর,২০২৪ তারিখ চট্টগ্রাম এবং ফেনী জেলার ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্ল্যাটফর্মের কার্যক্রম পর্যবেক্ষণ করেন। সমবায় অধিদপ্তরের কো-অপারেটিভ সোসাইটি রেজিস্ট্রেশন এ্যান্ড মনিটরিং সিস্টেম এর কাজের অগ্রগতি ভালো হলেও লোন এ্যান্ড ক্যাপিট্যাল ম্যানেজমেন্ট সিস্টেমের কাজের অগ্রগতি আশাব্যঞ্জক নয়। সমবায় অধিদপ্তরের কারিগরি কমিটির সভাপতি জানান, ভেন্ডর প্রতিষ্ঠানের জনবল সংকটের কারণে বেশির ভাগ সময় তাদের সাপোর্ট পাওয়া যায় না।

খ) **বিআরডিবি:** বিআরডিবি ফোকাল পয়েন্ট জানান, সেলস্ এ্যান্ড ই-কমার্স সিস্টেমে ডেলিভারি ম্যানের নাম, মোবাইল নম্বর এবং পার্সেল ট্র্যাকিং এই বিষয়গুলো নিয়ে সিস্টেম হালনাগাদ করতে হবে। তিনি আরও জানান, ১৫ টি জেলার ১৫ টি

উপজেলায় লোন এ্যান্ড ক্যাপিট্যাল ম্যানেজমেন্ট সিস্টেমের কার্যক্রম বাস্তবায়ন শুরু হয়েছে। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের যুগ্মসচিব জনাব আ.স.ম হাসান আল আমিন জানান যে, তাঁর নেতৃত্বে কারিগরি কমিটির একটি টিম গত ১৩-১৫ অক্টোবর, ২০২৪ তারিখ চট্টগ্রাম এবং ফেনী জেলার ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্ল্যাটফর্মের কার্যক্রম পর্যবেক্ষণ করেন। তিনি জানান, বিআরডিবি এর মাঠ পর্যায়ে ইন্টিগ্রেটেড সিস্টেম বাস্তবায়ন বিষয়ক কাজের অগ্রগতি হতাশাব্যঞ্জক।

গ) **বার্ড:** বার্ডের ফোকাল পয়েন্ট জানান, লোন এ্যান্ড ক্যাপিট্যাল ম্যানেজমেন্ট সিস্টেমে তথ্য আপলোডের জন্য এক্সেল ফরম্যাটে তথ্য এন্ট্রির কাজ চলছে। ব্যবহারকারী কর্তৃক সিস্টেমটি যথাযথভাবে ব্যবহারের জন্য তিনি ফোকাল পয়েন্ট প্রশিক্ষণের প্রয়োজনীয়তার কথা তুলে ধরেন। এছাড়া রিপোর্টিংয়ের ক্ষেত্রে কিছু সমস্যা পরিলক্ষিত হচ্ছে মর্মে তিনি সেগুলো সংশোধনের বিষয়ে গুরুত্বারোপ করেন।

ঘ) **আরডিএ:** আরডিএ, বগুড়ার কারিগরি কমিটির সভাপতি জনাব মোঃ ফেরদৌস হোসেন খান,পরিচালক (প্রশিক্ষণ) জানান যে, লোন এ্যান্ড ক্যাপিট্যাল ম্যানেজমেন্ট সিস্টেমে ডাটা মাইগ্রেশন করার পর স্থিতি ব্যালেন্স নির্ভুলভাবে আসে না। ভেন্ডর প্রতিষ্ঠানের কাছ থেকে যথাসময়ে সহযোগিতা না পাওয়ায় ডে ক্লোজিং করা যায় না। সফট্ওয়্যার পরিচালনাকারীদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। তিনি আরো জানান একপে'র সাথে ইন্টিগ্রেশন সম্পন্ন না হওয়ায় সেলস্ এ্যান্ড ই-কর্মাস সিস্টেমে কাজ করা যাচ্ছে না। তিনি বলেন, হোস্টেল ম্যানেজমেন্ট সিস্টেম, ক্যাফেটেরিয়া ম্যানেজমেন্ট সিস্টেম এবং ট্রেনিং ম্যানেজমেন্ট সিস্টেম চালু না হওয়ায় অধিকাংশ কাজই করা যাচ্ছে না। এ বিষয়ে সিস্টেম এনালিস্ট বলেন, অচিরেই হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট সিস্টেম চালু হলে এ সমস্যা থাকবে না।

ঙ) **বাপার্ড:** বাপার্ডের ফোকাল পয়েন্ট জানান, ৩টি কম্পোনেন্ট ব্যবহার উপযোগী তবে কম্পোনেন্টগুলো চালুর পূর্বে একটি প্রশিক্ষণ আয়োজন করা প্রয়োজন।

চ) **পিডিবিএফ:** পিডিবিএফ এর কারিগরি কমিটির আহবায়ক মোঃ শফিউল ইসলাম, যুগ্মপরিচালক **(**আইটি এ্যান্ড ইনোভেশন**)** জানান, পিডিবিএফ এ ৪টি কম্পোনেন্টে ২৮ টি মডিউল বিদ্যমান যার মধ্যে ২৭ টি মডিউল তৈরি হয়েছে। লোন এ্যান্ড ক্যাপিট্যাল ম্যানেজমেন্ট সিস্টেমের ৫৪% ফিচার তৈরি হয়েছে। তিনি বলেন, ভেন্ডর প্রতিষ্ঠানের জনবল সংকটের কারণে বেশির ভাগ সময় তাদের সহযোগিতা পাওয়া যায় না। তিনি জানান ডাটা হালনাগাদ না করে পাইলটিং করা দূরুহ। তিনি আরো বলেন একটি এন্ট্রি ফরম তৈরি করে দেয়া হলে পিডিবিএফ এর আঞ্চলিক কার্যালয়ের ডাটা এন্ট্রি অপারেটর দিয়ে ১৫-২০ দিনের মধ্যে সারা বাংলাদেশের ১৩ লাখ সুফলভোগী সদস্যের এন্ট্রি সম্পন্ন করা সম্ভব। এছাড়া জাতীয় পরিচয়পত্র **(**এনআইডি**)** ইন্টিগ্রেশন হলে অনেক তথ্য অটোমেটিক্যালি সিস্টেম যুক্ত হবে। যুগ্মসচিব (প্রশাসন ও বাজেট) সভাকে জানান, ভেন্ডর প্রতিষ্ঠান হতে একটি পত্রের মাধ্যমে জানানো হয়েছে যে পিডিবিএফ হতে তারা সহযোগিতা পাচ্ছেন না। এবিষয়ে যুগ্ম পরিচালক জানান, ভবিষ্যতে এধরনের সমস্যা হবে না এবং তিনি আগামী দিনগুলোতে সন্তোষজনক অগ্রগতি হবে মর্মে প্রতিশ্রুতি প্রদান করেন।

ছ) **এসএফডিএফ:** ফোকাল পয়েন্ট জানান, এসএফডিএফ লোন এ্যান্ড ক্যাপিট্যাল ম্যানেজমেন্ট সিস্টেম নিয়ে কাজ করছে যার মধ্যে ৫টি মডিউল, ৪০টি ফিচার রয়েছে। ২১ টি ফিচার তৈরি হয়েছে, ২১টির পাইলটিং সম্পন্ন হয়েছে এবং ১৫ টির ইমপ্লিমেন্টেশন হয়েছে। অগ্রগতি ৫৩%। সিস্টেমে ২৭ টি উপজেলার তথ্য আপলোড করা হয়েছে। তিনি জানান যে, লোন অংশ এবং সেভিং অংশে ডাটাএন্ট্রি দিতে গেলে একটি অংশ নিষ্ক্রিয় থাকে যার ফলে দিনের কার্যক্রম শেষ করা যাচ্ছে না। তিনি লোন কম্পোনেন্টের দু'টি অংশ সক্রিয় রাখার অনুরোধ জানান। তিনি আরও জানান, সমিতিভিত্তিক ডাটা মাইগ্রেশনের ক্ষেত্রে উপজেলার সর্বশেষ কত তারিখ পর্যন্ত ডাটাএন্ট্রি সম্পন্ন হয়েছে তা দেখা যায় না। সমিতি এবং সদস্যভিত্তিক রিপোর্ট জেনারেট হয় না। দিনভিত্তিক, মাসভিত্তিক রিপোর্ট জেনারেট করা যায় না। তিনি AIS এবং MIS তৈরির জন্য অনুরোধ জানান। তিনি আরও জানান, ভেন্ডর এর কাছ থেকে যথাযথ সাপোর্ট পাওয়া যাচ্ছে না।

জ) **মিল্কভিটা:** মিল্কভিটার ফোকাল পয়েন্ট জানান, ভাঙ্গুড়া, বাঘাবাড়ি, শাহজাদপুর এবং মিল্কভিটা ডেইরী কারখানাতে সিস্টেমটির পাইলটিং কার্যক্রম ৮৫% সম্পন্ন হয়েছে। তিনি আরও জানান, দুগ্ধ সমবায় সমিতি রয়েছে যার POS (Point of Sale) মেশিন ক্রয়, ৬২ টি চিলিং প্ল্যান্ট এ দুধ সংগ্রহের তথ্য এন্ট্রি দেয়ার জন্য কম্পিউটার (সিপিইউ, মাউস, কী-বোর্ড), প্রিন্টার, স্ক্যানার, ইন্টারনেট সুবিধা,কম্পিউটার টেবিল, চেয়ার ক্রয় এবং রক্ষণাবেক্ষণ বাবদ সর্বমোট ২ কোটি ৪০ লক্ষ টাকা প্রয়োজন; যার অর্থায়নের বাস্তবায়ন মিল্কভিটার পক্ষে দুরূহ।

৪. সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১।	ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্ল্যাটফর্মের কারিগরি সমস্যা সমাধানের নিমিত্ত এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থার সমন্বয়ে কম্পোনেন্টেভিত্তিক ফেইস বুক গ্রুপ আগামী ৩০ অক্টোবর, ২০২৪ তারিখের মধ্যে তৈরি করতে হবে।	আইসিটি ইউনিট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

২।	অতি দ্রুত জাতীয় পরিচয় পত্র ভেরিফিকেশনের জন্য নির্বাচন কমিশন, পেমেন্ট গেটওয়ের জন্য একপে, এটুআই এবং সিস্টেমে এসএমএস ইন্টিগ্রেশনের জন্য বাংলাদেশ টেলিটকের সাথে চুক্তি (MoU) করতে হবে।	প্রশাসন শাখা-১, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
৩।	সকল দপ্তর/সংস্থায় হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট সিস্টেম অবিলম্বে ইমপ্লিমেন্টেশনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থার কারিগরি কমিটির সভাপতি, সদস্য সচিব এবং ভেন্ডর প্রতিষ্ঠান (অরেঞ্জ বিডি লিঃ)।
৪।	লোন এ্যান্ড ক্যাপিট্যাল ম্যানেজমেন্ট সিস্টেমের ডাটা এন্ট্রির জন্য ভেন্ডর প্রতিষ্ঠান কর্তৃক পিডিবিএফ'কে একটি এন্ট্রি ফরম আগামী ৩০ অক্টোবরের মধ্যে তৈরি করে দেয়া হবে এবং পিডিবিএফ আগামী ১৪ নভেম্বর, ২০২৪ তারিখের মধ্যে ১৩ লাখ সুফলভোগীর তথ্য সিস্টেমে আপলোড সম্পন্ন করবে।	পিডিবিএফ এবং ভেন্ডর প্রতিষ্ঠান (ইরা ইনফোটেক লিঃ)।
৫।	লোন এ্যান্ড ক্যাপিট্যাল ম্যানেজমেন্ট সিস্টেমে স্থিতি ব্যালেন্স নির্ভুলভাবে আসাসহ যাতে ডে ক্লোজিং হয় সে বিষয়ে সে বিষয়ে আগামী ৩০ অক্টোবর, ২০২৪ তারিখের মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ভেন্ডর প্রতিষ্ঠান (ইরা ইনফোটেক লিঃ)।
৬।	লোন এ্যান্ড ক্যাপিট্যাল ম্যানেজমেন্ট সিস্টেমে লোন অংশ এবং সেভিংস্ অংশ একই সাথে সক্রিয় রাখতে হবে যাতে ডে ক্লোজিং হয় ।	ভেন্ডর প্রতিষ্ঠান (ইরা ইনফোটেক লিঃ)।
৭।	ভেন্ডর প্রতিষ্ঠানকে সিস্টেমের কারিগরি সমস্যা সমাধানের ক্ষেত্রে আরও তৎপর হতে হবে এবং সকল প্রতিষ্ঠানকে যথাযথ কারিগরি সহায়তা প্রদানের নিমিত্ত জনবল বৃদ্ধি করতে হবে।	ভেন্ডর প্রতিষ্ঠান (ইরা ইনফোটেক লিঃ ও অরেঞ্জ বিডি লিঃ)।
৮।	রিপোর্টিং সংক্রান্ত সকল সমস্যা আগামী ৩০ অক্টোবরের মধ্যে সমাধান করতে হবে।	ভেন্ডর প্রতিষ্ঠান (ইরা ইনফোটেক লিঃ ও অরেঞ্জ বিডি লিঃ)।
৯।	ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্ল্যাটফর্ম বাস্তবায়নে সকল দপ্তর/সংস্থাকে নিজস্ব অর্থায়নে প্রশিক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থা।
১০।	০১ নভেম্বর, ২০২৪ তারিখ হতে বাঘাবাড়ি, সিরাজগঞ্জে মিল্কভিটার অনলাইন মিল্ক কালেকশন এ্যান্ড ডিস্ট্রিবিউশন ম্যানেজমেন্ট সিস্টেম বাস্তবায়ন শুরু করতে হবে।	ব্যবস্থাপনা পরিচালক, মিল্কভিটা এবং সভাপতি, কারিগরি কমিটির মিল্কভিটা।
১১।	ইন্টিগ্রেটেড সিস্টেম বাস্তবায়নে সকলকে আরও উদ্যোগী ও তৎপর হতে হবে।	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থা।
১২।	দপ্তর/সংস্থার কারিগরি কমিটি ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্ল্যাটফর্মের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত প্রতি মাসে একটি সভা আহবান করবেন এবং প্রতি মাসে ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্ল্যাটফর্মের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এবিভাগে প্রেরণ করবেন।	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এর আওতাধীন দপ্তর/সংস্থার কারিগরি কমিটির সভাপতি ।
১৩।	সভায় সকল সদস্যের সর্বসম্মতিক্রমে ভেন্ডর প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত Software of Development & Deployment Budget for all parts এর অংশ হিসেবে Part-2 (২৫%) of the Development & Deployment Budget বিল পরিশোধের সুপারিশ করা হলো।	প্রশাসন শাখা-১, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

অতঃপর, সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

০৪-১১-২০২৪
মো: মোখলেছুর রহমান. এনডিসি
অতিরিক্ত সচিব

তারিখ: ১৯ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
০৪ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ৪৭.০০.০০০০.০৪৩.১৮.০০৩.২১.২২৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। যুগ্মসচিব, প্রশাসন ও বাজেট অনুবিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ;
২। উপসচিব, বাজেট অধিশাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ;
৩। পরিচালক, পরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড);
৪। বিভাগীয় যুগ্ম নিবন্ধক, যুগ্ম নিবন্ধকের দপ্তর, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা;
৫। সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ;
৬। প্রোগ্রামার, আইসিটি ইউনিট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ;
৭। প্রোগ্রামার, ডিজিটাল সিকিউরিটি মনিটরিং ও অপারেশন শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
৮। সহকারী প্রোগ্রামার, আইসিটি ইউনিট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ;
৯। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি ইউনিট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ;
১০। যুগ্মপরিচালক, প্রকল্প বিভাগ, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি;
১১। পরিচালক (প্রশিক্ষণ) , প্রশিক্ষণ বিভাগ, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া;
১২। যুগ্ম পরিচালক (ভারপ্রাপ্ত), আইটি শাখা, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ);
১৩। অতিরিক্ত মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), অতিরিক্ত মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও ক্রয়) এর দপ্তর, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লি: (মিল্কভিটা);
১৪। উপমহাব্যবস্থাপক (আইসিটি, পরিকল্পনা ও ডকুমেন্টেশন), উপ-মহাব্যবস্থাপক (আইসিটি শাখা), ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ) এবং
১৫। উপপরিচালক, প্রোগ্রামিং শাখা, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড।

সকল সংযুক্তিসমূহ:
(১) পরিশিষ্ট-ক

০৪-১১-২০২৪
প্রকৌশলী মোঃ মোনায়েম উদ্দিন চৌধুরী
সিস্টেম এনালিস্ট

২৩ অক্টোবর, ২০২৪ তারিখ রোজ বুধবার দুপুর ০২:৩০ ঘটিকায় পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্ল্যাটফর্ম সিস্টেম-এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত এ বিভাগের কারিগরি মনিটরিং এবং ToR রিপোর্ট রিসিভ কমিটির সভায় উপস্থিত কর্মকর্তাদের হাজিরা:

ক্রমিক নং	নাম,পদবী ও প্রতিষ্ঠান	ই-মেইল এড্রেস ও মোবাইল নম্বর	স্বাক্ষর ও তারিখ
১।	জনাব আ.স.ম হাসান আল আমিন যুগ্মসচিব (প্রশাসন ও বাজেট) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ	js.admin&finance@rdcd.gov.bd +8801741-590591	
২।	জনাব তানিয়া আফরোজ উপসচিব (বাজেট) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ	ds.budget@rdcd.gov.bd +8801919-342381	
৩।	প্রকৌশলী মোঃ মোনায়েম উদ্দিন চৌধুরী সিস্টেম এনালিস্ট পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ	system.analyst@rdcd.gov.bd +8801711-269270	২৩/১০/২০২৪
৪।	জনাব আফরিন মোহাম্মদ আঁখি প্রোগ্রামার পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ	programmer@rdcd.gov.bd +8801925-563760	23/10/2028
৫।	জনাব আশিক ফরহাদ তিলক সহকারী প্রোগ্রামার পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ	asst.prog1@rdcd.gov.bd +8801790-104995	23/10/2028
৬।	ইঞ্জিনিয়ার সুশান্ত রায় সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ	ame@rdcd.gov.bd +8801920-816293	23-10-2024
৭।	জনাব মোঃ মিজানুর রহমান যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা	mizan.bcs21@gmail.com +8801711-843667	23/10/24
৮।	জনাব নাজনীন খানম উপপরিচালক (প্রোগ্রামিং) বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)	ddprog@brdb.gov.bd +8801915-843607	23/10/24
৯।	জনাব মোঃ আবু তালেব যুগ্মপরিচালক (প্রকল্প) বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লা	taleb@bard.gov.bd +8801717-634770	23/10/2024
১০।	জনাব মোঃ ফেরদৌস হোসেন খান পরিচালক (প্রশাসন বিভাগ) পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ), বগুড়া	director.training@rda.gov.bd +8801712-683550	23.10.2024
১১।	জনাব মোহাম্মদ সিরাজুল ইসলাম পরিচালক (প্রশাসন ও অর্থ) বাপার্ড	dir.admin@bapard.gov.bd +8801718-527927	23.10.24

ক্রমিক নং	নাম,পদবী ও প্রতিষ্ঠান	ই-মেইল এড্রেস ও মোবাইল নম্বর	স্বাক্ষর ও তারিখ
১২।	জনাব মোঃ শফিউল ইসলাম যুগ্মপরিচালক (আইটি এন্ড ইনোভেশন) পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)	jd.it@pdbf.gov.bd +8801711-404663	23.10.2024
১৩।	জনাব মোঃ মনজুল রায়হান উপ-মহাব্যবস্থাপক (আইসিটি) ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ)	dgm.ict@sfdf.gov.bd +8801769-594205	23.10.2024
১৪।	জনাব মোঃ আনোয়ারুল হাসান অতিঃ মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) মিল্কভিটা	mvplanning@yahoo.com +8801321-143895	23/10/2024
১৫।	জনাব মুঃ মেসবাহুল আলম প্রোগ্রামার (ডিজিটাল সিকিউরিটি মনিটরিং ও অপারেশন শাখা) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	mesbah@ictd.gov.bd +8801719-533062	23/10/2024